



০

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessorcboard.gov.bd

স্মারকনং-বিঅ-৬/৩৬৫৮/

তারিখঃ

বিষয় : স্বীকৃতি নবায়ন।

সূত্র : উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা-এর ১৩-১০-২০১৪ তারিখের ২৪৬০ নম্বর স্মারকপত্র।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৪ হতে ৩১-১২-২০১৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদের জন্য স্বীকৃতি নবায়ন করা হ'ল। স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর স্বীকৃতি নবায়ন প্রস্তাব দ্রুত দাখিল করতে হবে অন্যথায় বিদ্যালয়ের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আরোপিত শর্তাবলী :

- ১। এস.এস.সি পরীক্ষায় পাশের হার এবং পাশের সংখ্যা কাম্য অংকে উন্নীত না হলে পরবর্তীতে স্বীকৃতি নবায়ন প্রস্তাব বিবেচনা না ও করা হতে পারে।
- ২। নিবন্ধনকৃত শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করতে হবে।
- ৩। শিক্ষার মান উন্নয়নে শিক্ষক/শিক্ষিকাবৃন্দকে আরো সচেতন হতে হবে।
- ৪। সরকারি নীতিমালা অনুযায়ী বিদ্যালয়ের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ৫। ৮ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার প্রস্তুতি হিসাবে ডাল কোচিং-এর ব্যবস্থা করতে হবে এবং বিষয় ভিত্তিক শিক্ষকদের দায়িত্ব গ্রহণে সচেতন হতে হবে।
- ৬। বাংলাদেশ স্কুল ক্রীড়া প্রতিযোগিতার সকল খেলাধুলায় ছাত্র/ছাত্রীদের অংশ গ্রহণ করতে হবে।
- ৭। গুরুত্বপূর্ণ দিবস সমূহ যথাযথভাবে পালন করতে হবে।
- ৮। পাঠ্যক্রম অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে পাঠদান করতে হবে।
- ৯। বিদ্যালয়ের চত্বরে আরো কিছু ফলবান, বনজ ও ঔষধি বৃক্ষ রোপন করতে হবে।
- ১০। বিদ্যালয়ের পাঠাগারে বই এর সংখ্যা কমপক্ষে ২০০০ খানায় উন্নীত করতে হবে।
- ১১। বিদ্যালয়ে কম্পিউটার ল্যাব/ইন্টারনেট ব্যবহার উপযোগি সচল কম্পিউটার থাকতে হবে। বার্ষিক ম্যাগাজিন/দেয়াল পত্রিকা প্রকাশ করতে হবে।
- ১২। কম্পিউটার প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক- কর্মচারীবৃন্দ বিধিমোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষও সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন।
- ১৩। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।
- ১৪। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।
- ১৫। বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত বাংলা-বাংলা, বাংলা-ইংরেজি, ইংরেজি- বাংলা, অভিধানসমূহ প্রতিটির ন্যূনতম তিন কপি করে সংগ্রহ করতে হবে।
- ১৬। বিদ্যালয়ের ওয়েব সাইটে সকল তথ্য হাল নাগাত করতে হবে।

প্রাপক : প্রধান শিক্ষক

কালিনগর জি. সি. মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়

ডাক : কালিনগর বাজার, উপজেলা : দাকোপ, জেলাঃ খুলনা।

(প্রফেসর আব্দুস ছালাম বিশ্বাস)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৪

স্মারকনং-বিঅ-৬/৩৬৫৮/ ৪৭৭৩ (৬)

তারিখঃ ৩০/১২/১৪

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল।

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), বিদ্যালয় নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।